



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

পরিষ্কার ও পরিচ্ছন্নতায় সচেতনতা বৃদ্ধিতে মেয়রের (দক্ষিণ) অভিযান



ঢাকা শহর আমাদের আবাসস্থল। আর আমাদের এই আবাসস্থলকে পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আমাদের সকলের। ঢাকা শহরের পরিষ্কার পরিচ্ছন্নতায় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধিতে ও সচেতনতা বাড়াতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন পুরানো ঢাকার বিভিন্ন স্থান পরিদর্শন করেন।

এ উপলক্ষে ২০ মার্চ-২০১৮, মঙ্গলবার মেয়র জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিদর্শনে আসেন। এসময় মেয়র মোহাম্মদ সাঈদ খোকন এবং উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। মেয়র ঢাকা শহরের পরিচ্ছন্নতায় নিজ উদ্যোগে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। এ সময় সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিবৃন্দ ও অন্যান্য ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।